গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
উন্নয়ন-৩ অধিশাখা
www.sid.gov.bd

## পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতায় বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের জুলাই ২০২১ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভার তারিখ ও সময় : ২২ আগস্ট ২০২১ খ্রিঃ, সময়ঃ সকাল: ১১.০০ ঘটিকা
সভার স্থান : পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এর সম্মেলন কক্ষ, ব্লক-২, লেবেল-১০
সভার সভাপতি : মুহাম্মদ ইয়ামিন চৌধুরী
সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
সভার উপস্থিতি : সংযোজনী-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (উন্নয়ন) জনাব শশাঙ্ক শেখর ভৌমিক বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং সদস্যগণের কোন প্রকার পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। এ পর্যায়ে তিনি উন্নয়ন-৩ অধিশাখার উপসচিব বেগম জেসমীন আকতারকে পাওয়ার পয়েন্টের মাধ্যমে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের অগ্রগতি উপস্থাপন করতে বলেন।

২। উপসচিব (উন্নয়ন-৩ অধিশাখা) সভায় জানান, সদ্য সমাপ্ত ২০২০-২০২১ অর্থবছরের আরএডিপি বরাদ্দ ৩২১ কোটি ৬৯ লক্ষ টাকা, জুন ২০২১ পর্যন্ত ব্যয় হয়েছে ১৫১ কোটি ১৮ লক্ষ ১৭ হাজার টাকা, আরএডিপি বরাদ্দের বিপরীতে আর্থিক অগ্রগতি ৪৭% এবং জাতীয় অগ্রগতি ৮২.২১%। ২০২০-২০২১ অর্থবছরে আরএডিপিভুক্ত ১৪টি প্রকল্পের মধ্যে ৪টি প্রকল্প সমাপ্ত হয়েছে, একটি প্রকল্পের কার্যক্রম স্থগিত করা হয়েছে। এছাড়া বরাদ্দবিহীনভাবে একটি নতুন প্রকল্প অনুমোদন লাভ করেছে। সমাপ্ত ৪টি প্রকল্পের প্রাক্কলিত ব্যয়, প্রকৃত ব্যয়, আর্থিক ও বাস্তব অগ্রগতি নিম্নরূপ:

| ক্র. নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা) | প্রকৃত ব্যয় (লক্ষ টাকা) | আর্থিক | বাস্তব |
|---|---|---|---|---|---|
| ১ | জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধনকরণ তথ্যের সাথে মৌলিক জনতাত্ত্বিক পরিসংখ্যান (ভাইটাল স্ট্যাটিস্টিকস) উৎপাদন এর সংযোগ সৃষ্টিকরণ প্রকল্প | ৩৯৬.১৫ | ১১৩.১৩ | ২৮.৫৬% | ১০০% |
| ২ | মনিটরিং দ্যা সিচুয়েশন অব ভাইটাল স্ট্যাটিস্টিকস অব বাংলাদেশ (এমএসভিএসবি) (৩য় পর্যায়) প্রকল্প | ৪৪১০.৫২ | ৩৯২২.৯৭ | ৮৮.৯৫% | ১০০% |
| ৩ | মডার্নাইজেশন অব ন্যাশনাল একাউন্টস স্ট্যাটিসটিকস প্রকল্প | ৬৫৫.২১ | ৫২০.৮৩ | ৭৯.৪৯% | ৮৩% |
| ৪ | সার্ভেস এন্ড স্ট্যাডিস রিলেটিং টু জিডিপি রিবেজিং ২০১৫-১৬ প্রকল্প | ২৪১.০৮ | ১৮৫.৫৮ | ৭৭.০০% | ৯৮% |

৩। পর্যালোচনায় দেখা যায়, জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধনকরণ তথ্যের সাথে মৌলিক জনতাত্ত্বিক পরিসংখ্যান (ভাইটাল স্ট্যাটিস্টিকস) উৎপাদন এর সংযোগ সৃষ্টিকরণ প্রকল্পের আর্থিক অগ্রগতি ২৮.৫৬% এবং বাস্তব অগ্রগতি ১০০%, যদিও প্রকল্পটির ২টি কম্পোনেন্টের কাজ ৫০% এবং ১টি কম্পোনেন্টের কাজ ৩৫% সম্পন্ন হয়েছে। এক্ষেত্রে বাস্তাবায়ন অগ্রগতি ১০০% হওয়া সম্ভব নয়। এছাড়া মডার্নাইজেশন অব ন্যাশনাল একাউন্টস স্ট্যাটিসটিকস প্রকল্পের আওতায় ১৯৭২-১৯৭৩ সাল থেকে বর্তমান সময়কাল পর্যন্ত ২০১৫-২০১৬ ভিত্তি বছরে হালনাগাদ ডাটাবেইজ প্রস্তুতকরণ সংক্রান্ত কম্পোনেন্টের কাজ ২৭% সম্পন্ন হয়েছে। এ বিষয়ে সভাপতির জিজ্ঞাসার প্রেক্ষিতে প্রকল্প পরিচালক জানান, কম্পোনেন্টটি সংশোধিত ডিপিপিতে নতুনভাবে অন্তর্ভুক্ত করা হয় এবং ডিপিপিটি অনুমোদন হয় মে-২০২১ সালে ও প্রকল্পের মেয়াদ জুন-২০২১ সমাপ্ত হয়, সময় স্বল্পতার কারণে কাজটির অগ্রগতি কম হয়েছে।

৪। ২০২০-২০২১ অর্থবছরে আর্থিক অগ্রগতি কম হওয়া প্রসংগে উপসচিব, উন্নয়ন-১ অধিশাখা জানান আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগের ভুলের কারণে চাহিদাকৃত সংশোধিত বাজেট আরএডিপিতে যথাযথভাবে প্রতিফলিত না হওয়ায় প্রায় ১০০ কোটি টাকা বরাদ্দ বেশি পাওয়া যায়। এছাড়া কোভিড-১৯ এর কারণে অনেক প্রকল্পের বিদেশ ভ্রমণ কার্যক্রম অসম্পন্ন থাকে ও উক্ত খাতে বরাদ্দ অব্যয়িত রয়ে যায়, যার ফলে আরএডিপি বরাদ্দের বিপরীতে সার্বিকভাবে আর্থিক অগ্রগতি কম হয়েছে।

৫। এই পর্যয়ে সভাপতি নিম্নরূপ নির্দেশনা প্রদান করেন:

ক) ২০২০-২০২১ অর্থবছরে চলমান প্রকল্পসমূহের যে সকল কম্পোনেন্টের বাস্তব অগ্রগতি ১০০ ভাগ সম্পন্ন হয়েছে কিন্তু এর জন্য নির্ধারিত বরাদ্দ অপেক্ষা কম ব্যয় হয়েছে সেগুলো চিহ্নিত করে ঐ কম্পোনেন্টে সাশ্রয়কৃত অর্থের হিসাব করত প্রকল্পের মোট সাশ্রয় নির্ধারণ করতে হবে।

খ) প্রকল্পভুক্ত যে সকল কম্পোনেন্টের বাস্তব অগ্রগতি কম বা একেবারেই হয় নাই সেগুলোর জন্য নির্ধারিত বরাদ্দ অব্যয়িত থাকলে তার হিসাব আলাদাভাবে নির্ধারণ করতে হবে।

গ) ২০২০-২০২১ অর্থবছরে বিভিন্ন প্রকল্পের সার্বিক কর্মপরিকল্পনা কী ছিল এবং কম্পোনেন্ট ভিত্তিক বরাদ্দ কত ছিল, উপরের ক ও খ অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী তা হিসাব করে সাশ্রয়কৃত অর্থ ও অব্যয়িত অর্থের হিসাব প্রকল্প পরিচালকগণ আগামী ৭ দিনের মধ্যে উন্নয়ন-১ অধিশাখায় দাখিল করবেন।

ঘ) প্রকল্পভুক্ত বিভিন্ন কম্পোনেন্টের বাস্তব অগ্রগতি শতকরা হারে প্রকাশ করা হচ্ছে, এই হার কীভাবে নির্ধারণ করা হয় তার সুস্পষ্ট গাইডলাইন বা ব্যাখ্যা না থাকায় সম্পাদিত কাজের পরিমাণ যথাযথভাবে দেখানো হচ্ছে কি না তা যাচাই করা সম্ভব হচ্ছে না। বাস্তব কাজের অগ্রগতি পরিমাপের জন্য প্রকল্প পরিচালকগণ একটি স্কেল/ওয়েট নির্ধারণ করবেন।

ঙ) মডার্নাইজেশন অব ন্যাশনাল একাউন্টস স্ট্যাটিসটিকস প্রকল্পের সংশোধিত ডিপিপি (১ম সংশোধনী) অনুমোদনে বিলম্ব এবং আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগের ভুলের কারণে আরএডিপিতে চাহিদার তুলনায় প্রায় ১০০ কোটি অতিরিক্ত বরাদ্দের বিষয়টি আগামী এনইসি সভায় উপস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে উপসচিব উন্নয়ন-১ অধিশাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৬। সভার এই পর্যায়ে ২০২১-২২ অর্থবছরের জুলাই ২০২১ পর্যন্ত চলমান উন্নয়ন প্রকল্পসমূহের অগ্রগতি উপস্থাপন করা হয়। উপসচিব, উন্নয়ন-৩ অধিশাখা সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে এডিপিভুক্ত ১০টি প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ২৮৮৭৮৭.৩৯ (দুই হাজার আটশত সাতাশি কোটি সাতাশি লক্ষ উনচল্লিশ হাজার) লক্ষ টাকা, এডিপিতে বরাদ্দ ১৪২১২৩.০০ (এক হাজার চারশত একুশ কোটি তেইশ লক্ষ) লক্ষ টাকা এবং এ অর্থবছরের জুলাই পর্যন্ত কোন অর্থ ব্যয় হয়নি। এডিপি বরাদ্দের বিপরীতে জুলাই ২০২১ পর্যন্ত আর্থিক অগ্রগতি ০.০০%। চলমান ১০টি প্রকল্প ছাড়া ১৯/০৭/২০২১ তারিখে টেকসই উন্নয়ন অভীষ্ট পরিবীক্ষণে প্রায়োগিক স্বাক্ষরতা নিরূপণ জরিপ (LAS) প্রকল্পটি বরাদ্দবিহীনভাবে অনুমোদন লাভ করেছে।

৭। অতঃপর সভায় প্রকল্পভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | **জনশুমারি ও গৃহগণনা-২০২১ প্রকল্প**<br><br>মেয়াদঃ জুলাই ২০১৯- জুন ২০২৪ পর্যন্ত।<br><br>প্রাক্কলিত ব্যয়ঃ ১৫৭৫ কোটি ৬৮ লক্ষ ২ হাজার টাকা। (জিওবি) লক্ষ টাকা।<br><br>প্রকল্প পরিচালক: জনাব কবির উদ্দিন আহাম্মদ, পরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থ বছরে এডিপিতে বরাদ্দ ১২৯৯ কোটি ২১ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। কোন অর্থ ব্যয় হয়নি, প্রকল্পের আর্থিক অগ্রগতি ০.০০%।<br><br>২০২১-২০২২ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রথম ৩টি কাজ প্রায় সমাপ্ত হলেও আর্থিক অগ্রগতি কেন হয় নাই সভাপতির এরূপ জিজ্ঞাসার প্রেক্ষিতে প্রকল্প পরিচালক সভায় জানান,<br><br>ক) গণনা এলাকা ম্যাপ/সেন্সাস ব্লক প্রস্তুত এবং ইন্টিগ্রেটেড সেন্সাস ম্যানেজম্যান্ট সিস্টেম (ICMS) উন্নয়ন, GIS ম্যাপ এবং ICMS এর মাধ্যমে জিও কোড চূড়ান্তকরণ এবং মূল শুমারির প্রশ্নপত্র চূড়ান্তকরণ কার্যক্রমে অর্থ ব্যয় করতে হয়নি।<br>ভার্চুয়াল ল্যাব স্থাপন, নেটওয়ার্ক অপারেশন সেন্টার প্রতিষ্ঠা, | ক) কর্মপরিকল্পনা অনুযায়ী আগস্ট ২০২১ এর মধ্যে বর্ণিত কার্যক্রমসমূহ সম্পন্ন না হওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। ভবিষ্যতে এক প্রকল্পের কাজের জন্য অন্য প্রকল্পের কাজ বন্ধ রাখা যাবে না। সময় ও জনবল সমন্বয়ের মাধ্যমে | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) মহাপরিচালক বিবিএস এবং প্রকল্প পরিচালক |

| ক্রঃ নং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | বিডিসিসিএল এর সাথে তথ্য সংরক্ষণ কার্যক্রম সম্পাদন এবং ট্যাবলেট, জ্যাকেট, গাড়ি, প্রচার সামগ্রী ও সেবা ক্রয় সংক্রান্ত কার্যক্রম চলমান রয়েছে। ১৫ সেপ্টেম্বরের মধ্যে এ কাজ সম্পন্ন করা হবে, উক্ত কাজে আর্থিক অগ্রগতি বৃদ্ধি পাবে। এছাড়া গণনাকারী ও সুপারভাইজার নিয়োগ চূড়ান্তকরণ কার্যক্রম মাঠ পর্যায়ে চলমান রয়েছে।<br>মূল শুমারির প্রশ্নপত্রে চূড়ান্ত (CAPI) প্রি-টেস্ট ১৬-২৯ আগস্ট সময়ে নির্ধারিত থাকলেও কোভিড-১৯ এর কারণে এবং NSDS ও জলবায়ু প্রকল্পের কাজের জন্য স্লট পাওয়া যায়নি। শীঘ্রই প্রি-টেস্ট সম্পন্ন করা হবে। | সকল প্রকল্পের কাজ একই সাথে চালিয়ে নিতে হবে। কোভিড-১৯ এর অজুহাতে কোন কার্যক্রম স্থগিত বা বিলম্ব করা যাবে না। জরুরী কাজ নিয়মিতভাবে চালিয়ে নিতে হবে। | |
| | | খ) প্রশিক্ষণ কাজে এবং দুর্গম এলাকায় CAPI এর মাধ্যমে মূল শুমারির তথ্য সংগ্রহের সময় সম্ভাব্য ঝুঁকি মোকাবিলায় বিকল্প/ব্যাকআপ হিসেবে চাহিদা অনুযায়ী প্রায় ১১ লক্ষ প্রশ্নপত্র ছাপানো প্রয়োজন মর্মে প্রকল্প পরিচালক জানান। | খ) প্রশিক্ষণ কাজে ছাপানো প্রশ্নপত্র ব্যবহার করা যাবে না, এতে কনফিউশন তৈরি হবে, এক্ষেত্রে ট্যাবের "স্ক্রিন শর্ট" ব্যবহার করা যেতে পারে। শুমারির তথ্য সংগ্রহের সময় সম্ভাব্য ঝুঁকি মোকাবেলায় বিকল্প/ব্যাকআপ হিসেবে প্রয়োজনীয় সংখ্যক প্রশ্নপত্র ছাপানো যেতে পারে। এ বিষয়টি পুনরায় পর্যালোচনা করে দেখতে হবে। | |
| | | গ) প্রকল্প বাস্তবায়নে মহাপরিচালক, বিবিএস, প্রকল্প পরিচালক এবং প্রকল্প টিম সর্বাত্মক প্রচেষ্টা এবং আন্তরিকভাবে কার্যক্রম চালিয়ে যাচ্ছেন। কর্মপরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্যক্রম, প্রি-টেস্ট এবং পাইলট শুমারি যথাসময়ে সম্পাদনপূর্বক নির্ধারিত সময়ে মূল শুমারি করার লক্ষ্যে প্রচেষ্টা অব্যাহত রয়েছে। | গ) প্রকল্পের সার্বিক কার্যক্রম ও গতি আশানুরূপ নয়। প্রকল্প টিমকে আরো উদ্যোমী ও গতিশীল হতে হবে, অন্যথায় মূল শুমারি যথাসময়ে করা কঠিন হবে। সময় ও সার্বিক কার্যক্রম পর্যালোচনাপূর্বক যদি প্রতীয়মান হয় নির্ধারিত সময়ে শুমারি করা সম্ভব হবে না, সেক্ষেত্রে মূল শুমারির নতুন তারিখ নির্ধারণের জন্য যৌক্তিক সময়ের পূর্বে যৌক্তিকতাসহ সামারি অবশ্যই প্রেরণ করতে হবে, এজন্য প্রস্তুতি নিয়ে রাখতে হবে। | |
| ২ | স্ট্রেনদেনিং স্ট্যাটিসটিক্যাল ক্যাপাসিটি অব বিবিএস ফর কালেকটিং ডাটা অন | প্রকল্পে ২০২১-২০২২ অর্থ বছরে এডিপিতে বরাদ্দ ৬১ লক্ষ (জিওবি: ১৮ লক্ষ, প্র.সা. ৪৩ লক্ষ) টাকা। | | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, |

| ক্রঃ নং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | পপুলেশন অ্যান্ড ডেভলপমেন্ট প্রকল্প (Stat4Dev)<br><br>মেয়াদঃ জানুয়ারি ২০১৭- ডিসেম্বর ২০২১ পর্যন্ত।<br><br>প্রাক্কলিত ব্যয়ঃ ৭ কোটি ৩২ লক্ষ ৬৬ হাজার টাকা।<br>জিওবি: ২ কোটি ৩৩ লক্ষ ১ হাজার টাকা,<br>প্রকল্প সাহায্য: ৪ কোটি ৯৯ লক্ষ ৬৫ হাজার টাকা।<br><br>প্রকল্প পরিচালক: জনাব মোঃ আক্তার হোসেন, যুগ্মপরিচালক, বিবিএস। | কোন অর্থ ছাড় বা ব্যয় হয়নি। প্রকল্পের আর্থিক অগ্রগতি ০.০০%।<br><br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br><br>ক) সংশোধিত TAPP অনুযায়ী প্রকল্পের মেয়াদ ডিসেম্বর ২০২১ এ সমাপ্ত হবে, সে অনুযায়ী কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক কার্যক্রম সম্পাদন করা হচ্ছে।<br><br>খ) সংশোধিত TAPP অনুযায়ী অতিরিক্ত আরো ৪টি (গোপালগঞ্জ, শরীয়তপুর, নড়াইল ও যশোর) জেলার Atlas প্রণয়নের কাজ ডিসেম্বর ২০২১ এর মধ্যে সম্পন্ন করা হবে। গোপালগঞ্জ ও শরীয়তপুর জেলার মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহের কাজ শেষ করা হয়েছে। বর্তমানে Data Entry এর কাজ চলছে। একই সাথে নড়াইল ও যশোর জেলার তথ্য সংগ্রহের প্রস্তুতি নেওয়া হচ্ছে।<br><br>গ) BGISP ব্যবহার সংক্রান্ত Guide Line দ্রুততম সময়ে প্রণয়ন করে GIS প্ল্যাটফর্মটি সক্রিয় করা হবে। | ক) ইতোমধ্যে সম্পন্ন কার্যক্রম কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হয়েছে, যা কাম্য নয়। প্রকল্পের অসমাপ্ত কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রস্তুতপূর্বক কার্যক্রম সম্পাদন করতে হবে।<br><br>খ) প্রকল্পের আওতায় প্রস্তুতকৃত Atlas আনুষ্ঠানিকভাবে প্রকাশের নির্দেশনা প্রদান করা হলেও তা প্রতিপালন না করায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। নোয়াখালী অঞ্চলের জন্য প্রস্তুতকৃত Atlas সমূহ উক্ত অঞ্চলের কোন একটি জেলায় আনুষ্ঠানিকভাবে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।<br><br>গ) GIS প্ল্যাটফর্মটি দ্রুত সক্রিয় করতে হবে। | মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-২), SID ও প্রকল্প পরিচালক |
| ৩ | **National Strategy for Development of Statistics (NSDS) Implementation Support প্রকল্প।**<br><br>প্রকল্প মেয়াদঃ মার্চ ২০১৮ হতে ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত।<br><br>প্রাক্কলিত ব্যয়ঃ ১৩৪ কোটি ০২ লক্ষ টাকা।<br><br>জিওবি : ১৪ কোটি ০২ লক্ষ টাকা,<br>প্রকল্প সাহায্য: ১২০ কোটি টাকা।<br><br>প্রকল্প পরিচালক: জনাব মো. দিলদার হোসেন, | প্রকল্পে ২০২১-২০২২ অর্থ বছরে এডিপিতে বরাদ্দ ৩৪ কোটি ৭০ লক্ষ টাকা (জিওবি ৪ কোটি ৫০ লক্ষ, প্রকল্প সাহায্য ৩০ কোটি ২০ লক্ষ) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ১ কোটি ১২ লক্ষ ৫০ হাজার টাকা (জিওবি)। জুলাই ২০২১ পর্যন্ত কোন অর্থ ব্যয় হয়নি। প্রকল্পের আর্থিক অগ্রগতি ০.০০%।<br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>ক) ১০ জুন ২০২১ তারিখে BBS Glossary (Concepts and Definitions) প্রকাশনাটি আনুষ্ঠানিকভাবে প্রকাশ করা হয়েছে।<br><br>খ) ২০২০-২০২১ অর্থবছরের জন্য কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক কার্যক্রম | ক) সভাপতি BBS Glossary (Concepts and Definitions) এর প্রশংসা করেন এবং প্রকাশনাটি সংশ্লিষ্ট স্টেকহোল্ডার/ মন্ত্রণালয়ে প্রেরণ করতে নির্দেশ প্রদান করেন।<br><br>খ) কোভিড-১৯ এবং অন্য প্রকল্পের কাজের অজুহাতে | অতিরিক্ত সচিব (উন্নয়ন), SID, মহাপরিচালক, বিবিএস, উপসচিব (উন্নয়ন-২ অধিশাখা) SID<br><br>এবং প্রকল্প পরিচালক |

| ক্রঃ নং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | উপসচিব, SID। | সম্পন্ন করা হচ্ছে। কোভিড-১৯ পরিস্থিতির কারণে আগস্ট ২০২১ মাসে নির্ধারিত প্রশিক্ষণ যথাসময়ে শুরু করা সম্ভব হয়নি। | কোন কার্যক্রম বন্ধ রাখা যাবে না। স্বাস্থ্যবিধি মেনে জরুরি কাজ নিয়মিতভাবে সম্পন্ন করতে হবে। | |
| ৪ | **ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেইজ প্রকল্প।**<br>প্রকল্পের মেয়াদঃ জুলাই ২০১৩ - জুন ২০২১ পর্যন্ত।<br>প্রাক্কলিত ব্যয়ঃ ৭২৭ কোটি ৩৫ লক্ষ টাকা<br>জিওবি: ৪০ কোটি ৫৪ লক্ষ ৫২ হাজার টাকা<br>প্রকল্প সাহায্য: ৬৮৬ কোটি ৮০ লক্ষ ৪৮ হাজার টাকা।<br><br>প্রকল্প পরিচালক : জনাব কাজী তোফায়েল হোসেন (উপসচিব)। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থ বছরে এডিপিতে বরাদ্দ ১৯ কোটি ৫৫ লক্ষ (জিওবি: ১ কোটি ৯৭ লক্ষ, প্র.সা. ১৭ কোটি ৫৮ লক্ষ) টাকা। কোন অর্থ ছাড় বা ব্যয় হয়নি। প্রকল্পের আর্থিক অগ্রগতি ০.০০%।<br><br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br><br>ক) NHD-MIS Development এর কাজটি Docu-Share এর জন্য আটকে আছে। NHD-MIS এর ১২টি পয়েন্টের মধ্যে ৩টি পয়েন্টই Docu-Share লিংকড। MIS প্রস্তুত হলে গ্রাম পর্যায়ের অবস্থাও দেখা যাবে। এ সংক্রান্ত ত্রুটি-বিচ্যুতি নিরসনের জন্য Xerox India Ltd. বরাবর একাধিকবার পত্র প্রেরণ করা হয়। তারা অপরিশোধিত বিল পরিশোধ করলে Docu-Share সংক্রান্ত সমস্যা সমাধানে সহায়তা করবে বলে জানায়। NHD-MIS Development এর কাজ দ্রুত সম্পন্নের লক্ষ্যে SMoDMRPA প্রকল্প এবং Synergy International এর সংশ্লিষ্টদের সঙ্গে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করা হচ্ছে। ২৩/০৮/২০২১ তারিখে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে এ সংক্রান্ত সভা অনুষ্ঠিত হবে।<br><br>খ) ২৬/০৬/২০২১ তারিখের SPEC'র সুপারিশ প্রতিপালনপূর্বক TAPP এর ৪র্থ সংশোধনীর প্রস্তাব ১৪/০৭/২০২১ তারিখে SID হতে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।<br><br>গ) সভাপতি প্রকল্পে কত জন কনসালটেন্ট রয়েছে জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান একজন Financial Management | ক) NHD-MIS Development সংক্রান্ত সমস্যা দূরীকরণের বিষয়ে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে।<br><br>খ) TAPP এর ৪র্থ সংশোধনী প্রস্তাব দ্রুত অনুমোদনের জন্য প্রকল্প পরিচালক পরিকল্পনা কমিশনে ব্যক্তিগতভাবে যোগাযোগ করবেন।<br><br>গ) প্রয়োজন না থাকলে কনসালটেন্ট বাদ দেয়া যেতে পারে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-২ অধিশাখা), SID ও প্রকল্প পরিচালক |

| ক্রঃ নং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | Specialist এবং একজন System Engineer এনএইচডি টিমের পক্ষে ডাটাবেইজ এর Back lock দেখছেন। | | |
| ৫ | **হাউজহোল্ড ইনকাম এন্ড এক্সপেন্ডিচার সার্ভে ২০২০-২১ প্রকল্প**<br>প্রকল্প মেয়াদঃ জানুয়ারি ২০২০ হতে ডিসেম্বর ২০২২ পর্যন্ত।<br><br>প্রাক্কলিত ব্যয়ঃ ১২ কোটি ৩২ লক্ষ ৭ হাজার টাকা (জিওবি)।<br><br>প্রকল্প পরিচালক: ড. দিপংকর রায়, উপসচিব, SID। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থ বছরে এডিপিতে বরাদ্দ ৭ কোটি ৮২ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। কোন অর্থ ছাড় বা ব্যয় হয়নি। প্রকল্পের আর্থিক অগ্রগতি ০.০০%।<br><br>উপ-প্রকল্প পরিচালক সভায় জানান,<br><br>ক) পাইলট সার্ভে সম্পন্ন হয়েছে, ডাটা ক্লিনিং ও রিপোর্ট রাইটিং চলমান রয়েছে। সেপ্টেম্বর ২০২১ মাসে পাইলট সার্ভের ফলাফলের উপর ওয়ার্কশপ অনুষ্ঠিত হবে।<br><br>খ) প্রকল্পের মূল ব্যয় ডাটা কালেকশনের সাথে সম্পৃক্ত, ডাটা কালেকশন শুরু হলে প্রকল্পের আর্থিক অগ্রগতি বৃদ্ধি পাবে। ডাটা কালেকশনের জন্য প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে, এর জন্য প্রস্তুতকৃত প্রশ্নপত্র চূড়ান্তকরণের নিমিত্তে অক্টোবর ২০২১ মাসে ওয়ার্কশপ আয়োজন করা হবে। | ক) পাইলট সার্ভের রিপোর্ট দ্রুত চূড়ান্ত করতে হবে।<br><br>খ) প্রশিক্ষণ প্রদান ও প্রশ্নপত্র চূড়ান্ত করে রাখা যেতে পারে। জনশুমারি ও গৃহগণনার মূল শুমারির জন্য নির্ধারিত এক সপ্তাহ বাদ দিয়ে মাঠ পর্যায়ে ডাটা কালেকশন করা যায় কিনা যাচাই করে দেখতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID ও প্রকল্প পরিচালক |
| ৬ | **কৃষি (শস্য, মৎস্য ও প্রাণি সম্পদ) শুমারি-২০১৮ প্রকল্প।**<br><br>প্রকল্পের মেয়াদঃ<br>মে ২০১৭ হতে ডিসেম্বর ২০২২ পর্যন্ত।<br><br>প্রাক্কলিত ব্যয়ঃ ৩৬১ কোটি ৬৯ লক্ষ ৬ হাজার টাকা (জিওবি)।<br><br>প্রকল্প পরিচালক: জনাব আলাউদ্দিন আল আজাদ, পরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থ বছরে এডিপিতে বরাদ্দ ৪৪ কোটি ৫২ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। কোন অর্থ ছাড় বা ব্যয় হয়নি। প্রকল্পের আর্থিক অগ্রগতি ০.০০%।<br><br>সভাপতি ICR ফার্মের কাজ শেষ না হওয়ার কারণ জানতে চাওয়ার প্রেক্ষিতে প্রকল্প পরিচালক সভায় জানান,<br><br>ক) ICR ফার্ম নিয়োগে এক বছর বিলম্ব এবং করোনার কারণে নিয়োগকৃত ফার্ম কাজ করতে না পারায় ডাটা ক্যাপচারিং ও স্ক্যানিংয়ের কার্যক্রম সম্পাদনের জন্য ফার্মের কাজের মেয়াদ বৃদ্ধি করা প্রয়োজন। | ক) নিয়োগকৃত ICR ফার্মের সময় ছিল আট মাস, এর মধ্যে তারা কাজ সম্পাদন না করতে পারায় দায়দায়িত্ব তাদের। ডাটা ক্যাপচারিং ও স্ক্যানিংয়ের কার্যক্রম দ্রুত সম্পাদন করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID এবং প্রকল্প পরিচালক |

| ক্রঃ নং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | খ) কৃষি নমুনা শুমারি থেকে প্রাপ্ত তথ্যের এডিটিং কাজ চলমান রয়েছে। | খ) কৃষি নমুনা শুমারি থেকে প্রাপ্ত তথ্যের এডিটিং কাজ দ্রুত শেষ করতে হবে। | |
| ৭ | **Improvement of GDP Compilation and Rebasing of Indices Project**।<br><br>প্রকল্পের মেয়াদঃ মার্চ ২০১৮ হতে জুন ২০২১ পর্যন্ত।<br><br>প্রাক্কলিত ব্যয়ঃ ৯ কোটি ৮৬ লক্ষ ৪৮ হাজার টাকা। (জিওবি)<br><br>প্রকল্প পরিচালক :<br>জনাব মোহাম্মদ আবদুল কাদির মিয়া, পরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থ বছরে এডিপিতে বরাদ্দ ৩ কোটি ১৫ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। কোন অর্থ ছাড় বা ব্যয় হয়নি। প্রকল্পের আর্থিক অগ্রগতি ০.০০%।<br><br>ক) সভাপতি জিডিপির ভিত্তি বছর ২০০৫-২০০৬ থেকে ২০১৫-২০১৬ এ পরিবর্তন বিষয়ে অগ্রগতি জানতে চাইলে জনাব জিয়া উদ্দিন আহমেদ, পরিচালক, ন্যাশনাল একাউন্টিং উইং (জিডিপি ও বৈদেশিক বাণিজ্য) জানান যে, প্রায় পাঁচ মাস পর ১৮/৮/২০২১খ্রি. তারিখে বিআইডিএস থেকে পর্যালোচনার রিপোর্ট পাওয়া গিয়েছে। উপদেষ্টা কমিটির চেয়ারম্যান জনাব ড. ওয়াহিদ উদ্দীন মাহমুদ স্যার এর সাথে রিপোর্ট বিষয়ে আলোচনা হয়েছে। তিনি জিডিপি রিবেজিং মেথোডলজি সংক্রান্ত বিস্তারিত রিপোর্ট প্রস্তুত করে তা উপদেষ্টা কমিটিতে উপস্থাপন ও অনুমোদন করিয়ে নেয়ার পরামর্শ প্রদান করেন।<br><br>খ) প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি SID হতে ০৮/০৮/২০২১ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।<br><br>গ) Survey on Distributive Trade and Marketed part of Agricultural Product জরিপের Distributive Trade অংশের রিপোর্ট প্রস্তুত করা হয়েছে। অনুমোদনের জন্য দ্রুত SID-তে প্রেরণ করা হবে।<br><br>ঘ) Survey on Cold Storage and Warehouse Activity | ক) জিডিপি'র ভিত্তি বছর ২০০৫-০৬ থেকে ২০১৫-১৬ এ পরিবর্তনের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>খ) সংশোধিত ডিপিপি অনুমোদনের জন্য প্রকল্প পরিচালক পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর সদস্যের সাথে যোগাযোগ করবেন।<br><br>গ) Survey on Distributive Trade and Marketed part of Agricultural Product জরিপের Distributive Trade অংশের রিপোর্ট দ্রুত আনুষ্ঠানিকভাবে প্রকাশ করতে হবে।<br><br>ঘ) Survey on Cold Storage and | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID ও প্রকল্প পরিচালক |

| ক্রঃ নং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | জরিপের খসড়া রিপোর্ট প্রস্তুত হয়েছে। শীঘ্রই বিবিএস এর এডিটরস ফোরামে উপস্থাপন করা হবে। | Warehouse Activity জরিপের রিপোর্ট দ্রুত চূড়ান্ত করতে হবে। | |
| ৮ | **পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ পরিসংখ্যান শক্তিশালীকরণ (ইসিডিএস) প্রকল্প**<br><br>মেয়াদ: জুলাই ২০১৯ – জুন ২০২৩ পর্যন্ত।<br><br>প্রাক্কলিত ব্যয়ঃ ৩৬ কোটি ৬ লক্ষ ৭৪ হাজার টাকা। (জিওবি)<br><br>প্রকল্প পরিচালক:<br>জনাব মোঃ রফিকুল ইসলাম, যুগ্মপরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থ বছরে এডিপিতে বরাদ্দ ৬ কোটি ৪৫ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ১ কোটি ৬১ লক্ষ ২৫ হাজার টাকা। কোন অর্থ ব্যয় হয়নি। প্রকল্পের আর্থিক অগ্রগতি ০.০০%।<br><br>উপ-প্রকল্প পরিচালক সভায় জানান,<br><br>ক) প্রকল্পের নির্ধারিত কর্মপরিকল্পনা অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম চলমান রয়েছে। চলতি ২০২১-২২ অর্থবছরে জুলাই/২০২১ মাসে প্রকল্পের কোন আর্থিক অগ্রগতি হয়নি, তবে বাস্তব অগ্রগতি ২.৫% হয়েছে। সেই সাথে আগস্ট/২০২১ মাস হতে প্রকল্পের আর্থিক অগ্রগতি ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে।<br><br>খ) প্রকল্পের আওতায় আগামী জানুয়ারি/২০২২ মাসে অনুষ্ঠিতব্য ওয়েস্ট ম্যানেজমেন্ট সার্ভে ও এনভায়রনমেন্টাল প্রোটেকশন এক্সপেন্ডিচার সার্ভে এর ড্রাফট প্রশ্নপত্র ২৭ ও ২৯ জুলাই ২০২১ তারিখে এক্সপার্ট গ্রুপ কর্মশালার মাধ্যমে প্রস্তুত করা হয়েছে, যা পরামর্শমূলক কর্মশালার মাধ্যমে শীঘ্রই চূড়ান্ত করা হবে।<br><br>গ) প্রকল্পের আওতায় ২১ মে হতে ২২ জুন ২০২১ পর্যন্ত সময়ে বাংলাদেশ ডিজাস্টার রিলেটেড স্ট্যাটিসটিক্স ২০২০ এর মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহ কার্যক্রম শেষে বর্তমানে সংগৃহীত তথ্যের ডাটা প্রসেসিং ও এনালাইসিস কার্যক্রম চলমান রয়েছে। | ক) কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম সম্পাদনের মাধ্যমে প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতি বৃদ্ধি করতে হবে।<br><br>খ) ওয়েস্ট ম্যানেজমেন্ট সার্ভে ও এনভায়রনমেন্টাল প্রোটেকশন এক্সপেন্ডিচার সার্ভে এর প্রশ্নপত্র দ্রুত চূড়ান্ত করতে হবে।<br><br>গ) বাংলাদেশ ডিজাস্টার রিলেটেড স্ট্যাটিসটিক্স ২০২০ এর কার্যক্রম কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন), SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID এবং প্রকল্প পরিচালক |
| ৯ | **জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ ২০১৯ প্রকল্প।**<br><br>মেয়াদঃ ০১ জুলাই ২০১৯ হতে ৩১ ডিসেম্বর ২০২১ | প্রকল্পে ২০২১-২০২২ অর্থ বছরে এডিপিতে বরাদ্দ ১ কোটি ৩ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। কোন অর্থ ছাড় বা ব্যয় হয়নি। প্রকল্পের আর্থিক অগ্রগতি ০.০০%। | | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, |

| ক্রঃ নং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | পর্যন্ত।<br><br>প্রাক্কলিত ব্যয়ঃ ৪ কোটি ৯৫ লক্ষ টাকা।<br>(জিওবি)<br><br>প্রকল্প পরিচালক:<br>জনাব ইফতেখাইরুল করিম, উপপরিচালক, বিবিএস। | প্রকল্প পরিচালক সভায় জানান,<br><br>ক) স্টিয়ারিং কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী PAPI এর পরিবর্তে CAPI পদ্ধতিতে জরিপ সম্পাদন এবং মেয়াদ বৃদ্ধির জন্য DPP সংশোধনে প্রস্তাব ১৯-০৮-২০২১খ্রি. তারিখে SID তে প্রেরণ করা হয়েছে। | ক) DPP সংশোধনের প্রস্তাব দ্রুত পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে। | উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা), SID এবং প্রকল্প পরিচালক |
| ১০ | **শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন প্রকল্প**<br><br>প্রকল্প মেয়াদঃ জুলাই ২০২০ হতে জুন ২০২৪ পর্যন্ত<br><br>প্রাক্কলিত ব্যয়ঃ ১৪ কোটি ৩৬ হাজার টাকা (জিওবি)<br><br>প্রকল্প পরিচালক:<br>বেগম আজিজা রহমান, উপপরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থ বছরে এডিপিতে বরাদ্দ ৪ কোটি ১৯ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। কোন অর্থ ছাড় বা ব্যয় হয়নি। প্রকল্পের আর্থিক অগ্রগতি ০.০০%।<br><br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br><br>ক) জানুয়ারি ২০২২ থেকে ডাটা কালেকশন শুরু হবে। ১২৮৪টি PSU নিয়ে কাজ করা হবে। জনশুমারি থেকে Intensity Measuring Pixel Survey (IMPS) নিয়ে Sampling করা হবে। | ক) কর্মপরিকল্পনা আরো ব্যাপক ও সুনির্দিষ্ট হওয়া প্রয়োজন, পর্যালোচনাপূর্বক বিস্তারিত কর্মপরিকল্পনা প্রণয়ন করত সে অনুযায়ী কার্যক্রম সম্পাদন করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID এবং প্রকল্প পরিচালক |
| ১১ | **টেকসই উন্নয়ন অভীষ্ট পরিবীক্ষণে প্রায়োগিক স্বাক্ষরতা নিরূপণ জরিপ প্রকল্প**<br>প্রকল্প মেয়াদঃ জানুয়ারি ২০২১ হতে জুন ২০২২ পর্যন্ত<br><br>প্রাক্কলিত ব্যয়ঃ ৪ কোটি ৬০ লাখ টাকা (জিওবি)<br><br>প্রকল্প পরিচালক:<br>বেগম রেশমা জেসমিন, উপপরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থ বছরে এডিপিতে কোন বরাদ্দ নেই।<br><br>ক) প্রকল্পটি ১৯/০৭/২০২১ তারিখ মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হওয়ায় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক ২৭/০৭/২০২১ তারিখ প্রশাসনিক আদেশ জারি করা হয়েছে। | ক) প্রকল্পের অনুকূলে অর্থ বরাদ্দের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID এবং প্রকল্প পরিচালক |

৮। ২০২১-২০২২ অর্থ বছরে এডিপি পুস্তিকায় অন্তর্ভুক্ত ও পুস্তিকা বহির্ভূত বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্পসমূহঃ

| ক্রঃ নঃ | প্রকল্পের নাম | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | **খাদ্য নিরাপত্তা পরিসংখ্যান-প্রকল্প ২০১৯**<br>প্রস্তাবিত মেয়াদঃ জুলাই ২০১৯-জুন ২০২১ পর্যন্ত<br>প্রকল্পের প্রস্তাবিত ব্যয়: ৫ কোটি ১০ লক্ষ ৩২ হাজার টাকা। | প্রস্তাবিত প্রকল্পের ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব আব্দুল হালিম, উপপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো জানিয়েছেন যে, "খাদ্য নিরাপত্তা পরিসংখ্যান" | প্রকল্পটি অনুমোদনের বিষয়ে মহাপরিচালক, বিবিএস/উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা)/ সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা), SID এবং | সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা), SID এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস। |

| | | | | |
|---|---|---|---|---|
| | ফোকাল পয়েন্ট কর্মকর্তা:<br>জনাব মোঃ আব্দুল হালিম, উপপরিচালক, বিবিএস। | প্রকল্পের বিষয়ে বেগম ইয়াসমিন পারভীন (যুগ্ম সচিব) পরিকল্পনা কমিশন, মহোদয়ের সাথে যোগাযোগ করলে তিনি জানান যে, আগামী এক সপ্তাহের মধ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগকে পত্রের মাধ্যমে প্রকল্প বিষয়ে পরিকল্পনা কমিশনের অবস্থান জানিয়ে দেয়া হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা পরিকল্পনা কমিশনে যোগাযোগ অব্যাহত রাখবেন। | |
| ২ | **Measuring ICT Access and Use by Households and Individuals প্রকল্প**<br>প্রস্তাবিত মেয়াদ: জুলাই ২০২০ - জুন ২০২২ পর্যন্ত।<br>প্রস্তাবিত ব্যয়: ৪ কোটি ৯৮ লক্ষ ৬০ হাজার টাকা।<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা:<br>জনাব কবীর উদ্দিন আহাম্মদ, পরিচালক, বিবিএস। | ০৩/০৬/২১ তারিখে এ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটির (DPEC) সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী ১৮/০৭/২০২১ তারিখে বিবিএস থেকে পুনর্গঠিত ডিপিপি পাওয়া গেছে। অর্থ বিভাগের ২০২১-২০২২ অর্থ বছরের বাৎসরিক বাজেট বহি অনুযায়ী MTBF ছক পূরণ করে অতি শীঘ্রই প্রকল্প অনুমোদনের সার-সংক্ষেপ মাননীয় পরিকল্পনা মন্ত্রীর নিকট প্রেরণ করা হবে। | প্রকল্প অনুমোদনের সার-সংক্ষেপ মাননীয় পরিকল্পনা মন্ত্রীর নিকট দ্রুত প্রেরণ করতে হবে। | মহাপরিচালক, বিবিএস<br>এবং<br>সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা), SID<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস। |
| ৩ | **ডিজিটালাইজেশন অব স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (ডিএসভিআরএস) প্রকল্প**<br>প্রস্তাবিত মেয়াদ: জুলাই ২০২১- জুন ২০২৩ পর্যন্ত<br>প্রস্তাবিত ব্যয়: ৩৯ কোটি ৮১ লক্ষ ৯৪ হাজার টাকা<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা: জনাব এ কে এম আশরাফুল হক, যুগ্মপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো। | ৩০ জুন, ২০২১ এ সমাপ্ত MSVSB (৩য় পর্যায়) প্রকল্পের ধারাবাহিক প্রকল্প হিসেবে মহাপরিচালক,বিবিএস থেকে ১৭/০৫/২০২১ তারিখে "ডিজিটালাইজেশন অব স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (ডিএসভিআরএস)" প্রকল্পটির ডিপিপি এ বিভাগে পাওয়া যায়। এর প্রেক্ষিতে ০২/০৬/২০২১ তারিখে এ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে প্রকল্পটির প্রস্তাবিত ডিপিপি যাচাই-বাছাই কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগ থেকে গত ২০/০৬/২০২১ তারিখে মহাপরিচালক, বিবিএস বরাবর প্রেরণ করা হয়েছে। ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, স্টেক হোল্ডারদের সাথে সভা করে পুনর্গঠিত ডিপিপি এ বিভাগে শীঘ্রই প্রেরণ করা হবে। | ডিএসভিআরএস প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি দ্রুত এ বিভাগে প্রেরণ করতে হবে। | মহাপরিচালক, বিবিএস<br>এবং<br>সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা), SID<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস। |
| ৪ | **অর্থনৈতিক শুমারি ২০২৩**<br>প্রস্তাবিত মেয়াদ: জানুয়ারি ২০২২-ডিসেম্বর ২০২৬ পর্যন্ত<br>প্রস্তাবিত ব্যয়: ৯৪০ কোটি ১১ লক্ষ ৭৩ হাজার টাকা<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা: জনাব আমজাদ হোসেন, যুগ্মপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো। | ০৮/০৮/২০২১ তারিখে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক "অর্থনৈতিক শুমারি-২০২৩" শীর্ষক প্রকল্পের প্রস্তাবিত ডিপিপি এ বিভাগে পাওয়া গিয়েছে। প্রস্তাবিত ডিপিপি'র উপর যাচাই বাছাই কমিটির সভা ২৬/০৮/২০২১ তারিখে আহ্বান করা হয়েছে। | অর্থনৈতিক শুমারি ২০২৩ প্রকল্পের প্রস্তাবিত ডিপিপি'র উপর যাচাই বাছাই কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, বিবিএস<br>এবং<br>সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা), SID<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস। |

২৫। ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ডিজিটালাইজেশন অব স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (ডিএসভিআরএস) প্রকল্প, বিবিএস, ঢাকা।

২৬। ফোকাল পয়েন্ট কর্মকর্তা, অর্থনৈতিক শুমারি ২০২৩, বিবিএস, ঢাকা।

**(কার্যবিবরণীতে উল্লেখিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পরবর্তী সভার কার্যপত্রে উল্লেখের লক্ষ্যে ২০২১-২০২২ অর্থবছরের জন্য নির্ধারিত কার্যক্রম, বরাদ্দ, ব্যয় ও ব্যয়ের হার নির্ধারিত ছকে উল্লেখপূর্বক প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি আগামী ০২-০৯-২০২১ তারিখের মধ্যে প্রকল্প পরিচালকের স্বাক্ষরে উপসচিব (উন্নয়ন-৩ অধিশাখা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।**

২৭। সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা শাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (পরবর্তী উন্নয়ন প্রকল্পের মাসিক অগ্রগতি পর্যালোচনা সভায় উপস্থাপনের নিমিত্ত আগামী ০২-০৯-২০২১ তারিখের মধ্যে উন্নয়ন-৩ অধিশাখায় অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন প্রকল্পগুলোর অগ্রগতি প্রেরণের অনুরোধসহ)।

২৮। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

২৯। Representative, UNICEF/UNFPA/WORLD BANK/ EUROPEAN UNION/FAO.

**সদয় অবগতির জন্য অনুলিপি:**

১। মাননীয় পরিকল্পনামন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা **(মাননীয় পরিকল্পনামন্ত্রীর সদয় অবগতির জন্য)**

২। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা **(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।**

৩। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা **(ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।**

Akter 25/8/2021

জেসমীন আকতার
উপসচিব
☎ ৫৫০০৭৩৭৯